

চাটখিলে ৪৬টি প্রাথমিক বিদ্যালয় ভবন ঝুঁকিপূর্ণ

■ চাটখিল ও মোনাইবুড়ী (নোয়াখালী) সংবাদদাতা
নোয়াখালী জেলার চাটখিলে ৪৬টি প্রাথমিক বিদ্যালয় অসুরক্ষিত ও ঝুঁকিপূর্ণ। এসব বিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রতিদিনই বিভিন্ন ঝুঁকি নিয়ে অধ্যয়ন করছে এবং বিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রীদের বিভিন্ন সমস্যায় পড়তে হচ্ছে।

এই উপজেলায় ১১২টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে সরকারি ৯৮টি এবং রেজিস্টার্ড ১৪টি। এতদসহ, অর্ধ সরকারি ৪০টি এবং রেজিস্টার্ড ৬টি বিদ্যালয় ঝুঁকিপূর্ণ ও অসুরক্ষিত। এসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীর সংখ্যা ১০ হাজারেরও অধিক। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং এলজিইডি এসব অসুরক্ষিত ও ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানের তালিকা করছেন।

এগুলো হলো: পান্ডা,

নাহারখিল, টপকা আশন, নারায়ণপুর-১, পূর্ব নারায়ণপুর, পুরাশুভমপুর, শিবরামপুর, নারায়ণপুর বালক, ধর্মপুর, কল্যাণ নগর, প্রোবহানপুর, বাইসিসিমুর, খালিপপাড়া, মশখরিয়া, মানিকপুর, বন্দলপুর, আবু তোরাব নগর, হরিপুর, ফাওড়া, মোহাম্মদপুর রাজার বাড়ী, মোহাম্মদপুর জনতা, চাটখিল পিডি, বারইপাড়া, টপকা আশন বালিকা, দৌলতপুর, আখিড়া, গ্রীনগর, নোয়াখলা, নোয়াখলা কামেদীয়া, ধন্যপুর, নয়নপুর, জীবনগর, কড়িহাটি, দেসিয়াই, দেসিয়াই বিনোদপুর, বালিয়াঘর, মতেরবাগ ও ডাওর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং পূর্ব চাঁদপুর, মাধবপুর, বাইসিসিমুর, মধ্য ফাটলাবাগ, প্রসাদপুর, ও পূর্ব নোয়াখলা রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়।